নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৬৫তম সভার কার্যবিবরণী:

১৮ নভেম্বর ২০২৪; সকাল ১১:০০টা; আইকিউএসি সেমিনার রুম, কেন্দ্রিয় অডিটোরিয়াম ভবন, নোবিপ্রবি।

আলোচ্যসূচি-৯: সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের গবেষণা পত্রিকা সম্পর্কিত প্রস্তাবিত নীতিমালা রিভিউ সংক্রান্ত কমিটির রিপোর্ট উপস্থাপন এবং শিক্ষা বিজ্ঞান অনুষদের গবেষনা পত্রিকা প্রসঙ্গ।

কার্যপত্র: বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের গবেষণা পত্রিকার নীতিমালাটি রিভিউ কমিটি কর্তৃক পর্যালোচনা করে একটি প্রতিবেদন জমা দেয়া হয়েছে **(সংযুক্তি-৭)**। উল্লেখ্য, শিক্ষা বিজ্ঞান অনুষদের গবেষণা পত্রিকা সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের গবেষণা পত্রিকার সাথে অন্তর্ভুক্ত করার জন্য শিক্ষা বিজ্ঞান অনুষদের ডীন মহোদয় অনুরোধ জানিয়েছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য বিষয়টি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের গবেষণা পত্রিকার রিভিউকৃত নীতিমালাটি অনুমোদনের সুপারিশ করা হলো। সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের এবং শিক্ষা বিজ্ঞান অনুষদের জার্নাল বা গবেষণা পত্রিকা একত্রে প্রকাশিত হবে। একটি সম্পাদকীয় কমিটি গঠন করা হবে এবং পালাক্রমে সম্পাদকীয় কমিটি প্রতি দুই বছর পর পর পরিবর্তন করা হবে। ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের গবেষনা প্রকাশনা রাখা যেতে পারে, সেক্ষেত্রে একজন সুপারভাইজার এর অধীনে তা রাখা হবে। এছাড়াও এই অনুষদসমূহ সম্পর্কিত ইনস্টিটিউট যেমন IIS ও অন্যান্য এই জার্নালে অন্তর্ভুক্ত হবেন।

০৫/০৬/২৫

Registrar (Acting)
Noakhali Science & Technology University
Noakhali-3814, Bangladesh

সংযুক্তি-০৭

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and TechnologyUniversity : NSTU
নোয়াখালী-৩৮১৪
Phone : 02334496510
Fax : 880-321-62788
Mobile : 880-1733998894
E-mail : deansciencenstu@gmail.com
Website : www.nstu.edu.bd

ডিন অফিস
বিজ্ঞান অনুষদ

নোবিপ্রবি/ ডিন, বিজ্ঞান অনুষদ/ পত্র/ অক্টোবর-২০২৪/ ২৮৬ তরিখঃ০ ৭ অক্টোবর ২০২৪

রেজিস্ট্রার (অ.দা.)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী- ৩৮১৪।

SL NO ৯৯১১০
Date ২৭/১০/২৪

বিষয় : সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের গবেষণা পত্রিকার প্রস্তাবিত নীতিমালাটি রিভিউ সংক্রান্ত রিপোট প্রেরণ প্রসঙ্গ।

সুত্রঃ নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২৪/ ৮৩৬১ (০৪) তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে য়ে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের পত্রিকার গবেষণা নীতিমালাটি রিভিউ কমিটি পর্যালোচনা করে সকল সদস্যের সম্মতি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।

ধন্যবাদান্তে

প্রফেসর ড. মোঃ আতিকুর রহমান ভূঞা
ডিন, বিজ্ঞান অনুষদ ও আহবায়ক সংশ্লিষ্ট কমিটি
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সংযুক্ত : প্রস্তাবিত নীতিমালা

তথ্যসূত্র (References)

১৪. বাংলা প্রবন্ধে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত বানানরীতি এবং ইংরেজি প্রবন্ধে ইউএস-এর বানানরীতি অনুসরণ করতে হবে, তবে উভয়ক্ষেত্রে উদ্ধৃতির বানান পরিবর্তন গ্রহণযোগ্য হবে না।

১৫. প্রবন্ধের ভেতরে সরাসরি উদ্ধৃতি বা ভাব, ধারণা, বক্তব্য বা প্যারাফ্রেইজিং-এর তথ্যনির্দেশিকা (in-text citation) এবং প্রবন্ধের শেষে তথ্যসূত্র (References) উল্লেখের কৌশলের ক্ষেত্রে আমেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশন (American Psychological Association) কর্তৃক প্রকাশিত Publication Manual of the American Psychological Association (7th ed.) APA (7th ed.) অনুসরণ করতে হবে। প্রবন্ধের ভিতরে প্রথম বন্ধনীর মধ্যে তথ্যনির্দেশিকা (in-text citation) উল্লেখের ক্ষেত্রে লেখকের শেষ নাম (last name), সাল ও পৃষ্ঠা নম্বর এবং শেষে তথ্যসূত্রে (References) প্রথমে লেখকের শেষ নাম, তারপর প্রথম নাম (first name) উল্লেখ করতে হবে। নিম্নলিখিত দু'টি ক্ষেত্র বাদে অন্য সব ক্ষেত্রে তথ্যনির্দেশিকা ও তথ্যসূত্র উল্লেখ সংক্রান্ত যেকোনো বিষয়ে APA (7th ed.) অনুসরণ করতে হবে।

১৬. উদ্ধৃতি ২৫ শব্দের বেশি হলে আলাদা অনুচ্ছেদে (indenting) উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতিতে মূলের পঙ্ক্তিবিন্যাস রক্ষা করতে হবে।

১৭. কোনো বই বা লেখার দু'য়ের অধিক লেখক/সম্পাদক হলে প্রত্যেক্যের শেষ নাম উল্লেখ করতে হবে। যেমনঃ (বিশ্বাস ও রহমান, ২০২২), (বিশ্বাস, রহমান ও বন্দ্যোপাধ্যায়, ২০২৪), আর তিনের অধিক হলে (বিশ্বাস ও অন্যান্য, ২০২০)।

১৮. প্রবন্ধের শেষে তথ্যসূত্র সংযোজিত হবে। বাংলা তালিকার পর ইংরেজি তালিকা হবে। তথ্যসূত্রে লেখকের নাম বর্ণানুক্রমে লিখতে হবে। লেখকের নামের শেষ নাম আগে বসবে, তারপর কমা (,) এবং তারপর বসবে প্রথম নাম। বই, গবেষণা-পত্রিকা (Journal), সাময়িকী বা ম্যাগাজিন, পত্রপত্রিকা, সংবাদপত্র ইত্যাদির নাম বাঁকা অক্ষরে (Italic) লিখতে হবে।

APA (7th ed.) অনুসরণে তথ্যসূত্র লেখার দৃষ্টান্ত।

ক. বইয়ের লেখক একজন হলে :

খ. সরকার, স্বরোচিষ (২০১১)। *কবি গান : ইতিহাস ও রূপান্তর*, বাংলা একাডেমি, ঢাকা।

গ.সম্পাদিত গ্রন্থ হলে :

উমর, বদরুদ্দীন (সম্পা.) (২০০৩)। *নারী প্রশ্ন প্রসঙ্গ।* শ্রাবণ প্রকাশনী ঢাকা।

ঘ. রচনা ও সম্পাদনা গ্রন্থ হলে :

আনোয়ার, চন্দন, ও সাহা, শুভেন্দু (রচনা ও সম্পা.) (২০১৮)। *ভাষা ও সাহিত্যের যুগলবন্দি*। বাংলা বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।

ঙ.অনূদিত গ্রন্থ হলে:

ফিশার, আর্নস্ট (২০০৯)। *দি নেসেসিটি অব আর্ট* (শফিকুল ইসলাম, অনূ)। সংঘ প্রকাশন, ঢাকা। (মূল লেখা প্রকাশিত ১৯৫৯)

চ. গবেষণা-পত্রিকার প্রবন্ধ হলে:

সরকার, দিব্যদ্যুতি (২০১৭)। বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও শরণার্থী : ভারতীয় প্রতিক্রিয়া। *ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ জার্নাল* ২৪. ১০৭-১২১।

ছ. সম্পাদিত গ্রন্থের প্রবন্ধ হলে:

বেগম, মালেকা (২০১৩)। মুক্তিযুদ্ধে বাংলাদেশের নারীর অবদান। *সমাজ ও সাহিত্যে নারী* (বেলা দাস সম্পা.)। একুশশতক, কলকাতা।

জ. সাময়িকী বা ম্যাগাজিন হলে:

08/02/24 08/02/24 08/02/24 8/2/24 04/02/24

হোসেন, সৈয়দ আকরম(২০১৭)। রিজিয়া রহমান, স্মরণে-বিস্মরণে। *গল্পকথা*, রাজশাহী।

ঝ. দৈনিক পত্রিকা হলে

মকসুদ, সৈয়দ আবুল(২০২১, মার্চ ১৭)। শেখ মুজিব থেকে বঙ্গবন্ধু। *দৈনিক প্রথম আলো*।

ঞ. অনলাইন সংস্করণ হলে

মুহাম্মদ, আনু (২০২২, মার্চ ১৩)। চতুর্থ শিল্প বিপ্লব ও বিশ্বব্যবস্থার বৈপরীত্য। *বণিক বার্তা*। ttps://bonikbarta.net/ চতুর্থ শিল্প বিপ্লব ও বিশ্বব্যবস্থার বৈপরীত্য

১৯ প্রবন্ধ বিষয়ক সকল দায়িত্ব লেখক বহন করবেন। গবেষণায় কুম্ভীলকবৃত্তি (Plagiarism) প্রমাণিত হলে এবং নৈতিকতার (ঋণস্বীকার/সততা/তথ্য-পরিবেশন) ব্যত্যয় ঘটলে সম্পাদনার যে-কোনো পূর্বে সম্পাদনা-পর্ষদ প্রবন্ধ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসাবধানতাবশত কুম্ভীলকবৃত্তি-আক্রান্ত লেখা প্রকাশিত হয়ে গেলে সম্পূর্ণ দায় লেখকের। চাকরিজীবী হলে তাঁর প্রতিষ্ঠানকে অবহিত করে হবে এবং ভবিষ্যতে গবেষণা-প্রবন্ধ প্রকাশের সুযোগ দেয়া হবে না।

২০. কোনো অনির্ভরযোগ্য সূত্র হতে তথ্য গৃহীত তা গ্রহণযোগ্য হবে না; যেমন–বেআইনি, নিবন্ধনহীন প্রকাশনা সংস্থা হতে প্রকাশিত সহজলভ্য, পাইরেইটেড, চটুল সংস্করণের বই অথবা গাইড/ নোট বই জাতীয় বই, অথবা অনির্ভরযোগ্য ওয়েবসাইট এবং ব্যক্তিগত ব্লগের তথ্য-উপাত্ত গ্রহণযোগ্য নয়।

০৪/০২/২৪
চেয়ারম্যান ও অধ্যাপক
বাংলা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

04.02.24
Md Muhaiminul Islam Selim
Chairman (Acting)
Department of Economics
Noakhali Science & Technology University

8/2/24
বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

04/02/24
Dr. Shirin Akter
Chairman & Associate Professor
Department of English
Noakhali Science & Technology University
Noakhali-3814.

4-2-24
Chairman
Department of Sociology
Noakhali Science and Technology University

04/02/24
Chairman
Department of Social Work
Noakhali Science & Technology University
Noakhali-3814

8/2/24
অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন
ডিন
সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়